

মূল শব্দাবলীঃ

সন্তান

দায়িত্ব

সহায়তা

নিরাপদ



Majlis Ugama Islam Singapura

Friday Sermon

2 October 2026 / 20 Rabiulakhir 1448H

পরিবার ও সমাজ: আমাদের সন্তানদের জন্য ভালোবাসার নিরাপদ আশ্রয়

إِنَّ الْحَمْدَ لِلَّهِ، نَحْمَدُهُ وَنُسْتَعِينُهُ وَنَسْتَغْفِرُهُ، وَنَعُوذُ بِاللَّهِ مِنْ شُرُورِ أَنْفُسِنَا
وَمِنْ سَيِّئَاتِ أَعْمَالِنَا، مَنْ يَهْدِهِ اللَّهُ فَلَا مُضِلَّ لَهُ، وَمَنْ يَضِلَّ فَلَا هَادِيَ
لَهُ، وَأَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ، وَأَشْهَدُ أَنَّ سَيِّدَنَا مُحَمَّدًا
عَبْدَهُ وَرَسُولَهُ. اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِهِ وَأَصْحَابِهِ
أَجْمَعِينَ. أَمَّا بَعْدُ، فَيَا عِبَادَ اللَّهِ، اتَّقُوا اللَّهَ. قَالَ تَعَالَى فِي التَّنْزِيلِ: يَا أَيُّهَا
الَّذِينَ ءَامَنُوا اتَّقُوا اللَّهَ حَقَّ تُقَاتِهِ وَلَا تَمُوتُنَّ إِلَّا وَأَنْتُمْ مُسْلِمُونَ.

হে সম্মানিত মুমিনগণ, আল্লাহ আপনাদের প্রতি রহমত বর্ষণ করুন,

আসুন, আমরা আল্লাহ সুবহানাহু ওয়া তাআলার প্রতি তাকওয়া অবলম্বন করি—তাঁর সকল আদেশ

যথাযথভাবে পালন করি এবং তাঁর সকল নিষেধাজ্ঞা থেকে বিরত থাকি।

আল্লাহ সুবহানাহু ওয়া তাআলা আমাদের পরিবার-পরিজনের ওপর বরকত দান করুন, আমাদের সন্তান-

সন্ততি ও বংশধরদের হেফাজত করুন এবং আমাদের সকলকে তাঁর জান্নাতে একত্রিত করুন।

আমীন, ইয়া রব্বাল আলামীন।

প্রিয় সম্মানিত মুসল্লিয়ানে কেলাম,

সন্তান-সন্ততি আল্লাহ সুবহানাহু ওয়া তাআলার পক্ষ থেকে আমাদের জন্য এক অমূল্য নিয়ামত এবং অর্পিত এক আমানত। তাদের উপস্থিতি আমাদের জীবনে আনন্দ বয়ে আনে, আমাদের বংশধারা অব্যাহত রাখে এবং আমরা আশা করি, তারা আমাদের সংকর্ম ও কল্যাণের উত্তরাধিকারকে ভবিষ্যতের দিকে এগিয়ে নিয়ে যাবে।

এ কারণেই পবিত্র কুরআনের সূরা আল-ফুরকান-এর ৭৪ নম্বর আয়াতে বর্ণিত দোয়াটি পাঠ করার জন্য আমাদের উৎসাহিত করা হয়েছে। আল্লাহ তাআলা বলেন:

وَالَّذِينَ يَقُولُونَ رَبَّنَا هَبْ لَنَا مِنْ أَزْوَاجِنَا وَذُرِّيَّاتِنَا قُرَّةَ أَعْيُنٍ
وَأَجْعَلْنَا لِلْمُتَّقِينَ إِمَامًا ﴿٧٤﴾

অর্থঃ এবং যারা বলে, 'হে আমাদের পালনকর্তা, আমাদের স্ত্রীদের পক্ষ থেকে এবং আমাদের সন্তানের পক্ষ থেকে আমাদের জন্যে চোখের শীতলতা (নয়নপ্রীতি) দান কর এবং আমাদেরকে মুত্তাকীদের (পরহেজগারদের) জন্যে আদর্শরূপ (নেতা) কর

প্রিয় ভাইয়েরা,

নিশ্চয়ই সন্তান-সন্ততি আল্লাহ সুবহানাহু ওয়া তাআলার পক্ষ থেকে আমাদের জন্য এক বিশেষ নিয়ামত। তবে তাদের লালন-পালন ও সঠিকভাবে গড়ে তোলাও আমাদের ওপর অর্পিত এক গুরুতর দায়িত্ব। রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কি আমাদের স্মরণ করিয়ে দেননি যে, আমাদের প্রত্যেকেই একজন অভিভাবক বা দায়িত্বশীল রক্ষক এবং আমাদের প্রত্যেককেই আমাদের তত্ত্বাবধানে থাকা ব্যক্তিদের সম্পর্কে জবাবদিহি করতে হবে? দ্রুত পরিবর্তনশীল সময়, তীব্র প্রতিযোগিতা এবং অনলাইন জগতের সীমাহীন প্রভাবের এই যুগে এই দায়িত্ব আরও বেশি গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে।

আমার ভাইয়েরা, একজন পিতার দায়িত্ব কেবল এমন দেয়াল তৈরি করা নয়, যা তার সন্তানদের বাইরের জগতের প্রভাব থেকে বিচ্ছিন্ন করে রাখবে। বরং তাঁর দায়িত্ব হলো সন্তানদের মধ্যে দৃঢ় আত্মপরিচয় ও উত্তম চরিত্রবোধ গড়ে তোলা, যাতে তারা বাইরের বিভিন্ন প্রভাবের মুখোমুখি হয়েও দৃঢ়তাসঙ্গে তা মোকাবিলা করতে পারে। একটি বেড়ে ওঠা গাছের মতো, আমাদেরও নিশ্চিত করতে হবে যে তাদের শিকড় যেন দৃঢ়ভাবে প্রোথিত থাকে, যাতে ঝড়ের মুখে তারা সহজে ভেঙে বা উপড়ে না যায়।

সংক্ষেপে, আমাদের দায়িত্ব হলো আমাদের সন্তানদের তাদের নিজেদের সময় ও যুগের উপযোগী করে গড়ে তোলা—যাতে তারা তাদের সময়ের চ্যালেঞ্জ মোকাবিলা করতে পারে; শুধু আমরা যখন বড় হয়েছি, তখন যে চ্যালেঞ্জগুলোর মুখোমুখি হয়েছিলাম, সেগুলোর জন্য তাদের প্রস্তুত করা নয়।

আজকের খুববায় আমাদের সন্তানদের বিকাশে সহায়তা করার জন্য দুটি পরামর্শ তুলে ধরতে চাই:

প্রথমত: আমাদের উপস্থিতি যেন তারা অনুভব করতে পারে

দৈনন্দিন জীবনের নানা ব্যস্ততা ও দায়িত্বের মাঝে কখনো কখনো এমন হতে পারে যে, আমরা আমাদের সন্তানদের প্রাপ্য মনোযোগ দিতে পারি না। অথচ তারা আমাদের শারীরিক উপস্থিতির পাশাপাশি মানসিক উপস্থিতিও গভীরভাবে কামনা করে। তারা যদি ঘরে উষ্ণতা, স্নেহ, ভালোবাসা ও যথাযথ মনোযোগ অনুভব না করে, তাহলে আমরা আশঙ্কা করি যে, বাইরের অস্বাস্থ্যকর বিভিন্ন প্রভাবের কাছে তারা আরও বেশি ঝুঁকিপূর্ণ হয়ে উঠতে পারে।

নিশ্চয়ই, তারা ইতোমধ্যে স্কুলে যাচ্ছে, চাইল্ডকেয়ার সেন্টারে যাচ্ছে অথবা ধর্মীয় শিক্ষার ক্লাসে অংশ নিচ্ছে। তা সত্ত্বেও, তাদের শিক্ষা ও লালন-পালনের দায়িত্ব এবং তাদের জন্য একটি নিরাপদ পরিবেশ নিশ্চিত করার দায়িত্ব সর্বাগ্রে পিতামাতারই।

দ্বিতীয়ত: একটি বিশ্বস্ত সহায়ক ব্যবস্থা গড়ে তোলা

অনেক সময় সন্তানদের লালন-পালনের দায়িত্ব একা বহন করা কঠিন মনে হতে পারে। তাই আমাদের একটি নিরাপদ ও নির্ভরযোগ্য সহায়ক নেটওয়ার্ক প্রয়োজন—তা হতে পারে ঘনিষ্ঠ পরিবারের সদস্যদের মাধ্যমে, বিশ্বস্ত বন্ধু ও পরিচিতজনদের মাধ্যমে, অথবা চাইল্ডকেয়ার সেবাদানকারীদের মাধ্যমে।

প্রকৃতপক্ষে, এই দায়িত্ব সমাজের প্রতিটি সদস্যের ওপরেও বর্তায়। রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদের স্মরণ করিয়ে দিয়েছেন, যার অর্থ: “যে ব্যক্তি ছোটদের প্রতি স্নেহ-দয়া প্রদর্শন করে না এবং বয়োজ্যেষ্ঠদের সম্মান করে না, সে আমাদের অন্তর্ভুক্ত নয়।” — (আত-তিরমিযি)

আমাদের সমাজ ও বিভিন্ন প্রতিষ্ঠানকে সন্তানদের জন্য নিরাপদ পরিবেশে পরিণত করতে হবে—এমন স্থান, যেখানে তাদেরকে আন্তরিকতা ও সহিষ্ণুতার সঙ্গে স্বাগত জানানো হবে এবং সহমর্মিতার সঙ্গে তাদের সঠিক পথে পরিচালিত করা হবে। আমাদের সন্তানদের জন্য সর্বোত্তম সম্ভাব্য সহায়ক ব্যবস্থা গড়ে তুলতে আমাদের সর্বাঙ্গিক প্রচেষ্টা চালাতে হবে। একই সঙ্গে, শেষ পর্যন্ত আমাদের পূর্ণ আস্থা ও নির্ভরতা রাখতে হবে আল্লাহ সুবহানাহু ওয়া তাআলার ওপর, যেমনটি আমরা গত জুমার খুতবায় স্মরণ করেছি।

জুম্মায় আগত সম্মানিত মুসল্লিবন্দ,

আসুন, আমরা সকলে মিলে এমন একটি আস্থাশীল নেটওয়ার্ক গড়ে তুলি, যা আমাদের সন্তানদের শিক্ষা দেবে, লালন-পালন করবে, সুরক্ষা দেবে এবং তাদের পাশে থাকবে। আল্লাহ সুবহানাহু ওয়া তাআলা আমাদের প্রতিটি প্রচেষ্টায় বরকত দান করুন, আমাদের সন্তান-সন্ততি ও বংশধরদের সকল অনিষ্ট ও নৈতিক অবক্ষয় থেকে হেফাজত করুন এবং তাদেরকে ইহকাল ও পরকালে আমাদের চোখের শীতলতা ও হৃদয়ের আনন্দে পরিণত করুন।

আমীন, ইয়া রব্বাল আলামীন।

أَقُولُ قَوْلِي هَذَا وَأَسْتَغْفِرُ اللَّهَ الْعَظِيمَ لِي وَلَكُمْ، فَاسْتَغْفِرُوهُ إِنَّهُ هُوَ الْغَفُورُ
الرَّحِيمُ.

Second Sermon

الْحَمْدُ لِلَّهِ حَمْدًا كَثِيرًا كَمَا أَمَرَ، وَأَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ، وَأَشْهَدُ أَنَّ سَيِّدَنَا مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ. اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِهِ وَأَصْحَابِهِ أَجْمَعِينَ. أَمَّا بَعْدُ، فَيَا عِبَادَ اللَّهِ، اتَّقُوا اللَّهَ تَعَالَى فِيمَا أَمَرَ، وَانْتَهُوا عَمَّا نَهَاكُمْ عَنْهُ وَزَجَرَ.

أَلَا صَلُّوا وَسَلِّمُوا عَلَى النَّبِيِّ الْمُصْطَفَى، فَقَدْ أَمَرَنَا اللَّهُ بِذَلِكَ حَيْثُ قَالَ فِي كِتَابِهِ الْعَزِيزِ: إِنَّ اللَّهَ وَمَلَائِكَتَهُ يُصَلُّونَ عَلَى النَّبِيِّ يَا أَيُّهَا الَّذِينَ ءَامَنُوا صَلُّوا عَلَيْهِ وَسَلِّمُوا تَسْلِيمًا. اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ وَبَارِكْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ.

وَارْضَ اللَّهُمَّ عَنِ الْخُلَفَاءِ الرَّاشِدِينَ الْمُهْدِيِّينَ سَادَاتِنَا أَبِي بَكْرٍ وَعُمَرُ وَعُثْمَانُ وَعَلِيٌّ، وَعَنْ بَقِيَّةِ الصَّحَابَةِ وَالْقُرَابَةِ وَالتَّابِعِينَ، وَتَابِعِي التَّابِعِينَ، وَعَنْ مَعَهُمْ وَفِيهِمْ بِرَحْمَتِكَ يَا أَرْحَمَ الرَّاحِمِينَ.

اللَّهُمَّ اغْفِرْ لِلْمُؤْمِنِينَ وَالْمُؤْمِنَاتِ، وَالْمُسْلِمِينَ وَالْمُسْلِمَاتِ، الْأَحْيَاءِ مِنْهُمْ وَالْأَمْوَاتِ. اللَّهُمَّ ادْفَعْ عَنَّا الْبَلَاءَ وَالْوَبَاءَ وَالزَّلَازِلَ وَالْمِحْنَ، مَا ظَهَرَ مِنْهَا وَمَا بَطَنَ، عَنِ بَلَدِنَا خَاصَّةً، وَسَائِرِ الْبُلْدَانِ عَامَّةً، يَا رَبَّ الْعَالَمِينَ. اللَّهُمَّ انصُرْ إِخْوَانَنَا الْمُسْتَضْعَفِينَ فِي غَزَاةٍ وَفِي فِلِسْطِينَ وَفِي كُلِّ مَكَانٍ

عَامَّةً، يَا أَرْحَمَ الرَّاحِمِينَ. رَبَّنَا آتِنَا فِي الدُّنْيَا حَسَنَةً، وَفِي الْآخِرَةِ حَسَنَةً،
وَقِنَا عَذَابَ النَّارِ.

عِبَادَ اللَّهِ، إِنَّ اللَّهَ يَأْمُرُ بِالْعَدْلِ وَالْإِحْسَانِ وَإِيتَاءِ ذِي الْقُرْبَى، وَيَنْهَى عَنِ
الْفَحْشَاءِ وَالْمُنْكَرِ وَالْبَغْيِ، يَعِظُكُمْ لَعَلَّكُمْ تَذَكَّرُونَ، فَادْكُرُوا اللَّهَ الْعَظِيمَ
يَذْكُرْكُمْ، وَاشْكُرُوا عَلَى نِعَمِهِ يَزِدْكُمْ، وَاسْأَلُوهُ مِنْ فَضْلِهِ يُعْطِكُمْ، وَلَذِكْرُ
اللَّهِ أَكْبَرُ، وَاللَّهُ يَعْلَمُ مَا تَصْنَعُونَ.